ক্রোড়পত্র ক
নৌ সদর দপ্তর, নৌ সরবরাহ ও যান পরিদপ্তর
চাহিদা নং ডিএনএসটি -১৮৩.৩৪৪.২৪ (১) তারিখ ০১ এপ্রিল ২০২৪

## প্যাকেটজাত চিনি এর চাহিদা ২০২৪-২০২৫
## বাংলাদশ নৌবাহিনী

| ক্রমিক নং | ডিপো সমূহের নাম ও গ্রহনকারী অধিনায়ক (মনোনীত) | হিসাবের একক | সরবরাহ তফসিল এবং চাহিদার পরিমাণ | | | | | | মোট চাহিদার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সরবরাহের তারিখঃ **মাস ভিত্তিক** | | | | | | | |
| | | | ৩১ জুলাই ২০২৪ | ৩১ আগস্ট ২০২৪ | ৩০ সেপ্টেম্বর ২০২৪ | ৩১ অক্টোবর ২০২৪ | ৩০ নভেম্বর ২০২৪ | ৩১ ডিসেম্বর ২০২৪ | | |
| ১। | বিএসডি (নৌ) ঢাকা | মেঃ টন | ৪৮.৩০০ | ৪৮.৩০০ | ৪৮.৩০০ | ৪৮.৩০০ | ৪৮.৩০০ | ৪৮.৩০০ | ২৮৯.৮০০ | |
| ২। | বিএসডি (নৌ) চট্টগ্রাম | মেঃ টন | ৯০.০০০ | ৯০.০০০ | ৯০.০০০ | ৯০.০০০ | ৯০.০০০ | ৯০.০০০ | ৫৪০.০০০ | |
| ৩। | বিএসডি (নৌ) খুলনা | মেঃ টন | ৬০.৫০০ | ৬০.৫০০ | ৬০.৫০০ | ৬০.৫০০ | ৬০.৫০০ | ৬০.৫০০ | ৩৬৩.০০০ | |
| | **মোট ঃ** | **মেঃ টন** | **১৯৮.৮০০** | **১৯৮.৮০০** | **১৯৮.৮০০** | **১৯৮.৮০০** | **১৯৮.৮০০** | **১৯৮.৮০০** | **১১৯২.৮০০** | |

বিশেষ নির্দেশাবলী ঃ

ক। ঠিকাদারকে নিজ খরচে সরবরাহতব্য চিনি প্যাকেটজাত উপরোক্ত ডিপো সমুহে পৌঁছাতে হবে।

খ। সরবরাহ তফসিলের ১৫ দিন পূর্বে চিনি প্যাকেটজাত গুদামজাত করতঃ স্তুপ পরিদর্শন ও নমুনা গ্রহণের জন্য সরবরাহকারী পরিদর্শনালয় (নৌ সদর দপ্তর বি আই এস) কে লিখিতভাবে অবহিত করতে হবে।

গ। প্যাকেটজাত চিনি এর প্যাকিং, মার্কিং এবং গুনগত মান বিনির্দেশ অনুযায়ী (প্রতি প্যাকেট: ০.৯৫৮ কেজি) ফুড গ্রেড প্লাষ্টিক ব্যাগে সরবরাহ করতে হবে।

ঘ। বিনির্দেশ মোতাবেক সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিনে ভ্যাকুয়াম/স্বয়ংক্রিয় পদ্ধতিতে তৈরী এবং প্যাকেটজাতকৃত চিনি দেশীয় উৎস হতে স্থানীয় মুদ্রায় ক্রয় করতে হবে।

ঙ। সরবরাহের তারিখ হতে প্যাকেটজাত চিনি এর আয়ুস্কাল ১২ (বার) মাস হতে হবে ।

চ। প্যাকেটজাত চিনি মাস ভিত্তিক সরবরাহের পূর্বে নৌ সদর দপ্তর বিআইএস কমিটি কর্তৃক মনোনীত পরিদর্শক দ্বারা পরিদর্শন করা হবে। শুধুমাত্র পরিদর্শনের ভিত্তিতে সংগৃহীত নমুনার ল্যাবরেটরী পরীক্ষা ও অর্গানোলেপ্টিক টেস্টের রিপোর্ট অনুযায়ী গ্রহণযোগ্য প্যাকেটজাত চিনি সরবরাহ করতে হবে। পরিদর্শনের পরও সরবরাহকৃত চিনির মান খারাপ পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে সমুদয় চিনি ফেরৎ নিতে বাধ্য থাকবে। চুক্তিকৃত প্যাকেটজাত চিনি মাস ভিত্তিক সরবরাহের তারিখ হতে কমপক্ষে ১৫ দিন পূর্বে নৌ সদর বিআইএস কর্তৃক পরিদর্শনের নিমিত্তে চুক্তি শর্তানুযায়ী চিনি সরবরাহকরী প্রতিষ্ঠান লিখিত ভাবে নৌ সদর বিআইএস কি অবহিত করবেন।

ছ। সকল পণ্য কাভার ভ্যান/সুবিধাজনক পরিবহনের মাধ্যমে বিএসডি (নৌ) সমূহে পৌছাতে হবে। পণ্য পরিবহণের দায়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে। পথিমধ্যে পণ্য দুর্ঘটনা, চুরি অথবা অন্য কোন কারণে পণ্যের ঘাটতি হলে প্রতিস্থাপন করতে ঠিকাদার বাধ্য থাকবে।

জ। বিনির্দেশ মোতাবেক নিম্নবর্ণনা অনুযায়ী আইটেম সরবরাহ করতে হবেঃ

| চিনির ওজন (কেজি) | পলি প্যাকেটের ওজন (গ্রাম) | প্যাকিং এর বিবরণ | প্রতি মাষ্টার প্যাকিং প্যাকেটের সংখ্যা | মাষ্টার প্যাকিং এর বিবরণ |
|---|---|---|---|---|
| ০.৯৫৮ | ৮ (±) ০১ গ্রাম | দৈর্ঘ্যঃ ২৪-২৮ সেঃ মিঃ, প্রস্থঃ ১৬-২০ সেঃ মিঃ | ২৬ টি (২৪.৯০৮ কেজি) | দৈর্ঘ্যঃ ২৮-৩২ ইঞ্চি, প্রস্থঃ ২০-২৪ ইঞ্চি |

ঝ। চাহিদাকারী কর্তৃপক্ষ ডিপোর মজুদ বিবেচনা করে বিতরণ নির্দেশিকা প্রদানের সময় (যদি প্রয়োজন হয়) তফসিলের পরিমাণ ঠিক রেখে ডিপোর সামনে বর্ণিত পণ্যের পরিমাণ পরিবর্তন (কম/বেশী) করতে পারবেন এবং সরবরাহকারী উক্ত পরিবর্তিত পরিমাণ পণ্য যথাস্থানে সরবরাহ করতে বাধ্য থাকবেন।

ঞ। সম্প্রতি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গণ বিজ্ঞপ্তিতে প্রকাশিত বিএসটিআইএর গুনগতমান পরীক্ষায় যে সকল উৎপাদনকারি/সরবরাহকারী প্রতিষ্ঠান অকৃতকার্য হয়েছে সেসকল উৎপাদনকারি প্রতিষ্ঠান/সরবরাহকারী দরপত্রে অংশগ্রহন করতে পারবেন না।

ষ্টেশন ঃ নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩

তারিখ ঃ ০১ এপ্রিল ২০২৪

এ এস এম আতিকুল্লাহ
লেঃ কমান্ডার বিএন
পক্ষে পরিচালক



D:\DRY ITEMS PURCHASE\SUGER PACKING\ENCLUSER.doc

# দরপত্র বিনির্দেশ - প্যাকেটজাত চিনি (জুলাই ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪)

১। **দ্রব্যের নাম।** প্যাকেটজাত চিনি।

২। **দরপত্রের উদ্দেশ্য।** বাংলাদেশ নৌবাহিনীর জন্য জুলাই ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত (০৬ মাস) মেয়াদে প্যাকেটজাত চিনি সরবরাহকরণ।

৩। **পরিমাণ।** বাংলাদেশ নৌবাহিনীর মাসিক চাহিদা মোতাবেক, যার আনুমানিক পরিমাণ নিম্নরুপঃ

| ক্রমিক | গ্রহনকারী সংস্থা | একক | মাসিক চাহিদার পরিমাণ (প্রতি মাসে) আনুমানিক | ৬ মাসের মোট পরিমাণ (ঘ X ঙ) |
|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) |
| ১। | বিএসডি (নৌ) ঢাকা | মেঃ টন | ৪৮.৩০০ | ২৮৯.৮০০ |
| ২। | বিএসডি (নৌ) চট্টগ্রাম | মেঃ টন | ৯০.০০০ | ৫৪০.০০০ |
| ৩। | বিএসডি (নৌ) খুলনা | মেঃ টন | ৬০.৫০০ | ৩৬৩.০০০ |
| | | | **মোট মেঃ টন** | **১১৯২.৮০০** |

৪। **কারিগরি বিনির্দেশ।** প্যাকেটজাত চিনির কারিগরি বিনির্দেশ নিম্নরুপঃ

ক। Sucrose - Min 99%.
খ। Ash - Max 0.3%.
গ। Moisture - Max 0.1%.
ঘ। Other substance - Max 0.5%.

৫। **চিনি সরবরাহকারী প্রতিষ্ঠানের বিবরণ নিম্নরুপ।** সরবরাহকারী প্রতিষ্ঠান যে চিনিকল/প্রতিষ্ঠান থেকে চিনি সরবরাহ করবে, সেই চিনিকল/প্রতিষ্ঠানের নিম্নোক্ত ব্যবস্থাদি থাকতে হবেঃ

ক। নৌবাহিনীর নির্ধারিত সাইজের প্যাকেট অনুযায়ী সরবরাহের জন্য উন্নত প্রযুক্তির সম্পূর্ণ অটোমেটিক মেশিনের মাধ্যমে প্যাকেটিং করার মেশিন সুবিধা থাকতে হবে।

খ। সরবরাহকারী প্রতিষ্ঠান যে চিনিকল/প্রতিষ্ঠান থেকে চিনি সরবরাহ করবে উক্ত মালিকের সাথে কমপক্ষে ০৬ (ছয়) মাসের চুক্তি থাকতে হবে।

গ। সরবরাহকৃত চিনি অবশ্যই শুকনা, গন্ধহীন, ঝরঝরা ও পরিষ্কার হতে হবে।

৬। **প্যাকিং।** প্যাকিং এর জন্য ব্যবহৃত পলিথিন অবশ্যই ফুড গ্রেড এবং উন্নতমানের আর্দ্রতা প্রতিবন্ধক হতে হবে। প্যাকেটের অভ্যন্তরস্থ চিনি অবশ্যই শুকনা এবং ঝরঝরা হতে হবে। সরবরাহকৃত চিনিতে কোন কেমিকেল এবং স্বাস্থ্য হানিকর উপাদান ব্যবহার করা যাবে না। মাস্টার প্যাকিং এর জন্য ব্যবহৃত বস্তা অবশ্যই পিপি ওভেন ব্যাগ হতে হবে। নিম্নে প্যাকিং এর বিবরণ উল্লেখ করা হলোঃ

| চিনির ওজন (কেজি) | পলি প্যাকেটের ওজন (গ্রাম) | প্যাকিং এর বিবরণ | প্রতি মাষ্টার প্যাকিং প্যাকেটের সংখ্যা | মাষ্টার প্যাকিং এর বিবরণ |
|---|---|---|---|---|
| ০.৯৫৮ | ৮ (±) ০১ গ্রাম | দৈর্ঘ্যঃ ২৪-২৮ সেঃ মিঃ<br>প্রস্থঃ ১৬-২০ সেঃ মিঃ | ২৬ টি<br>(২৪.৯০৮ কেজি) | দৈর্ঘ্যঃ ২৮-৩২ ইঞ্চি<br>প্রস্থঃ ২০-২৪ ইঞ্চি |

৭। **সনাক্তকরণ (Marking).** প্রতিটি প্যাকেটে অবশ্যই নিম্নলিখিত তথ্যাবলী উল্লেখ থাকতে হবেঃ

ক। আইটেমের নাম।
খ। উৎপাদনের তারিখ।
গ। মেয়াদ উত্তীর্ণের তারিখ।
ঘ। প্রকৃত ওজন (কেজি/গ্রাম)।
ঙ। ঠিকাদারের নাম ও ঠিকানা উল্লেখ করণ।
চ। খাদ্য উপাদান।
ছ। বিএসটিআই অনুমোদিত সীল মোহর।

৮। **নথি/সনদ।** সরবরাহকারী প্রতিষ্ঠান যে চিনিকল/প্রতিষ্ঠান থেকে চিনি সরবরাহ করবে, সেই চিনিকল/ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত নথি/সনদ দরপত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ

ক। ব্রান্ড নাম।

খ। প্রস্তুত কারক দেশের নাম।

গ। সরবরাহের উৎস।

ঘ। উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা।

ঙ। দরপত্র বিনির্দেশ মোতাবেক প্রতিষ্ঠানের প্যাডে লিখিত সম্মতি বিবৃতি (Complince Statement).

চ। উৎপাদনকারী/অনুমোদিত ডিলার কর্তৃক পদত্ত দরদাতার পক্ষে অনুমোদন সনদ (Authorization Certificate).

ছ। ওয়ারেন্টি সার্টিফিকেট (চিনি গ্রহণের তারিখ হতে ১২ মাস)।

জ। বিএসটিআই সার্টিফিকেট।

ঝ। ব্যাংক সচ্ছলতার সার্টিফিকেট।

৯। **মেয়াদকাল।** সরবরাহকৃত চিনির মেয়াদকাল চিনি সরবরাহের তারিখ হতে মেয়াদ উত্তীর্ণের তারিখ কমপক্ষে ১২ (বার) মাস হতে হবে।

১০। **চিনি বিতরণ।** অনুচ্ছেদ-৩ মোতাবেক প্রতি মাসে অথবা নৌ সদরের নির্দেশনা অনুযায়ি ঠিকাদার কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় (পরিবহন ও শ্রমিকসহ) বিএসডি (নৌ) ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় চিনি সরবরাহ করতে হবে।

১১। **পণ্যের দায়ভার।** চিনির গুনগত মান এবং পণ্যের প্যাকেটে কোন ত্রুটি পাওয়া গেলে ঠিকাদার কর্তৃক নিজ দায়িত্বে পরিবর্তন করে বিএসডি (নৌ) সমূহে পৌছে দিতে হবে।

১২। **আর্থিক সক্ষমতা।** দরদাতার ০১ মাসের চিনির সমমূল্যের আর্থিক সক্ষমতার (Liquid State) Bank Solvency দাখিল করতে হবে।

১৩। **নিরাপত্তা জামানত।** বাংলাদেশ নৌবাহিনীর জন্য নিরবিচ্ছিন্নভাবে চিনি সরবরাহ নিশ্চিত করণের উদ্দেশ্যে ঠিকাদার কর্তৃক মোট মূল্যের ১০% হারে ব্যাংক গ্যারান্টি (বিজি) নিরাপত্তা জামানত হিসেবে চুক্তিপত্রের সাথে জমা করতে হবে। জমাকৃত অর্থের কোন সুদ প্রদান করা হবে না। তবে চুক্তি শেষে (অনুচ্ছেদ-১৪ মোতাবেক জামানত বাজেয়াপ্ত না হলে) ব্যাংক গ্যারান্টি (বিজি) ফেরৎ দেওয়া হবে।

১৪। **এলডি/জামানত বাজেয়াপ্তকরণ।** ঠিকাদার কর্তৃক বিএসডি (নৌ) সমূহে নির্ধারিত সময়ের মধ্যে চিনি সরবরাহে ব্যর্থ হলে প্রতি মাসের জন্য ১%-২% হারে, সর্বোচ্চ ১০% পর্যন্ত এলডি (Liquidity Damage) প্রযোজ্য হবে। তবে কোন এক মাসে চিনি সরবরাহ করতে ব্যর্থ হলে ঠিকাদারের জামানত বাজেয়াপ্ত করণসহ চুক্তি বাতিল করা হবে।

১৫। **পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ।** প্যাকেটজাত চিনি মাস ভিত্তিক সরবরাহের পূর্বে নৌ সদর দপ্তর বিআইএস কমিটি কর্তৃক মনোনীত পরিদর্শক দ্বারা পরিদর্শন করা হবে। শুধুমাত্র পরিদর্শনের ভিত্তিতে সংগৃহীত নমুনার ল্যাবরেটরী পরীক্ষা ও অর্গানোলেপ্টিক টেস্টের রিপোর্ট অনুযায়ী গ্রহণযোগ্য চিনি সরবরাহ করতে হবে। পরিদর্শনের পরও সরবরাহকৃত চিনির মান খারাপ পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে সমুদয় চিনি ফেরৎ নিতে বাধ্য থাকবে। চুক্তিকৃত প্যাকেটজাত চিনি মাস ভিত্তিক সরবরাহের তারিখ হতে কমপক্ষে ১৫ দিন পূর্বে নৌ সদর বিআইএস কর্তৃক পরিদর্শনের নিমিত্তে চুক্তি শর্তানুযায়ী চিনি সরবরাহকরী প্রতিষ্ঠান নৌ সদর বিআইএস কে লিখিত ভাবে অবহিত করবেন।

১৬। **বিল প্রদান।** চুক্তিপত্র সম্পাদনের পর সংশ্লিষ্ট ঠিকদার কর্তৃক অনুচ্ছেদ-৩ অনুযায়ী মাস ভিত্তিক নিজস্ব ব্যবস্থাপনায় বিএসডি (নৌ) সমূহে প্যাকেটজাত চিনি পৌছানোর পর ডেলিভারি রিসিপ্ট (DR) নৌ সরবরাহ ও যান পরিদপ্তর কর্তৃক যথাযথ সাক্ষরান্তে ডিজিডিপিতে বিল ভাউচার (আনুষঙ্গিক নথিসহ) প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক এসএফসি (নৌ) এর মাধ্যমে দাবিকৃত বিলের অর্থ পরিশোধ করা হবে। এক্ষেত্রে বিল পরিশোধের সময় সরকার কর্তৃক নির্ধারিত উৎস কর, ভ্যাট ইত্যাদি এসএফসি (নৌ) এর মাধ্যমে কর্তনযোগ্য হবে।

১৭। **নমুনা দাখিলকরণ।** সরবরাহকারীকে অবশ্যই ১.০০ কেজি ওজনের চিনিসহ প্রস্তাবিত ০৪ (চার) টি নমুনা প্যাকেট দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৮। **দর দাখিল করণ।** সরবরাহকারীকে নিম্নবর্ণিত ছক মোতাবেক দর দাখিল করতে হবেঃ

| ক্রমিক | আইটেমের বিবরণ | পরিমান (মেঃ টন) | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | প্যাকেটজাত চিনি | ১১৯২.৮০০ | | |

৯। **চুক্তি বর্ধিতকরণ।** নৌ সদরের অনুমোদনক্রমে চুক্তিনামা সর্বোচ্চ অতিরিক্ত ০২ (দুই) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।